দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 FEB 1991
পৃষ্ঠা... 2 ... কলাম ... 9 ...

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রসঙ্গে

ঢাকা মহানগরীর বিভিন্ন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন শ্রেণীতে অধ্যয়নের জন্য নিয়ম-বহির্ভূতভাবে বিরাট অংকের টাকা আদায় করা হইতেছে। একই শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ব হইতেই অধ্যয়নরত নবম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের দশম শ্রেণীতে অধ্যয়নে পুনঃ ভর্তির নির্দেশ দেওয়া হইয়াছে। এই অযৌক্তিক ভর্তির জন্য বিপুল অংকের ভর্তি ফি এবং অন্যা ভাতাদি পরিশোধের জন্য ছাত্র-ছাত্রীদের নির্দেশ দেওয়া হইয়াছে। এই অর্থ যেসব ছাত্রী পরিশোধে ব্যর্থ হইবে তাহাদের উচ্চতর শ্রেণীতে অধ্যয়নে সুযোগ দেওয়া হইবে না। এমনিতে ঢাক শহরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের চাইতে বহুগুণ বেশী বেতন-ভাতাদি আদায় করিয়া থাকে। বর্তমান দুর্মূল্যের বাজারে অনেকেরই নুন আনিতে পান্তা ফুরায়। তারপরও অমানবিকভাবে বিরাট অংকের ব্যয়ভার বহন মারাত্মক সমস্যা হইয়া দাঁড়াইয়াছে। এই ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করিতেছি।

—মোঃ হাবিবুর রহমান,
৩৩/বেইলী সড়ক, ঢাকা-১০০০।

## বখাটেদের উৎপাত

ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলায় বখাটেদের উৎপাত দিন দিন বৃদ্ধি পাইতেছে। এলাকায় সকাল হইতে শুরু করিয়া গান-বাজনা, হৈ-হল্লা, মদ, গাঁজা ও জুয়া চলে। বিভিন্ন অপরাধমূলক কাজের সঙ্গে তাহারা জড়িত থাকে। এদের খপ্পরে পড়িয়া অনেক নিরীহ লোক বিভিন্নভাবে লাঞ্ছিত হইতেছে। ইদানীং 'নীল ছবি' দেখানো হইতেছে। ফলে, অসামাজিক কার্যকলাপ নিত্যদিনের ব্যাপার। তাই এই ব্যাপারে স্থানীয় প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—খন্দকার মফিজ ও স্বর্ণকার মান্নান, আইয়ুবপুর, বাঞ্ছারামপুর, বি-বাড়ীয়া।